# বিগত ০৫ বছরে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ও সহজীকৃত সেবা

বাংলাদেশ ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয় কর্তৃক বিগত ০৫ বছরে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ও সহজীকৃত সেবাসমূহঃ-

| ক্রমিক নং | বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা ও সহজিকৃত সেবার নাম | উদ্ভাবনী ধারণা ও সহজিকৃত সেবাসমূহের বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | তালিকাভুক্ত ওয়াক্‌ফ এস্টেটসমূহের ডাটাবেইজ প্রস্তুত | ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়ে তালিকাভুক্ত ওয়াক্‌ফ এস্টেটসমূহের তথ্য সংরক্ষণের জন্য ইতঃপূর্বে কোন ডাটাবেইজ সফটওয়্যার ছিলনা। ম্যানুয়াল পদ্ধতিতে রেজিস্ট্রারের মাধ্যমে তালিকাভুক্ত ওয়াক্‌ফ এস্টেটসমূহের তথ্য সংরক্ষণ করা হতো। ওয়াক্‌ফ এস্টেটসমূহের ডাটাবেইজ সফটওয়্যার প্রস্তুতের মাধ্যমে বর্তমানে তালিকাভুক্ত ওয়াক্‌ফ এস্টেটসমূহের তথ্য ডিজিটালি সংরক্ষণ করা হচ্ছে। এ পর্যন্ত ১৬৭৫৪ টি এস্টেটের তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ডাটাবেইজ সফটওয়্যারটিতে বিভিন্ন প্রয়োজনীয় মডিউল সংযোজনের মাধ্যমে আরও যুগোপযোগী ও আধুনিকায়ন করা প্রয়োজন। | |
| ২ | অ-তালিকাভুক্ত ওয়াক্‌ফ সম্পত্তি তালিকাভুক্তির জন্য নির্ধারিত আবেদন ফরম বিনামূল্যে বিতরণ ও ওয়েবসাইটে আপলোডকরণ | অ-তালিকাভুক্ত ওয়াক্‌ফ সম্পত্তি তালিকাভুক্তির জন্য ওয়াক্‌ফ অধ্যাদেশ ১৯৬২ এর ৪৭(৩) ধারা মোতাবেক প্রশাসক কর্তৃক নির্দিষ্ট তালিকাভুক্তির আবেদন ফরম রয়েছে। উক্ত আবেদন ফরম ইতঃপূর্বে ১০০ টাকা মূল্যে বিক্রয় করা হতো যা সেবাগ্রহীতাগণ শুধুমাত্র ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয় হতে অথবা পরিদর্শকের কার্যালয় হতে সংগ্রহ করতে পারত। ফলে সেবা গ্রহীতাগণের সময়, ব্যয় এবং পরিদর্শন (TCV) বৃদ্ধি পেত। পরবর্তীতে সেবা সহজিকরণের অংশ হিসেবে এবং ওয়াক্‌ফ সম্পত্তি তালিকাভুক্তিতে উৎসাহ প্রদানের নিমিত্ত তালিকাভুক্তির আবেদন ফরমটি বিনামূল্যে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া তালিকাভুক্তির আবেদন ফরমটি ওয়াক্‌ফ প্রশাসনের ওয়েবসাইটে এবং বাংলাদেশ সরকারের ফরম পোর্টালে আপলোড করা হয় যাতে প্রত্যন্ত অঞ্চলের স্টেকহোল্ডারগণ নিজ অবস্থানে থেকেই সময়, ব্যয় এবং পরিদর্শন (TCV) ব্যতীত তালিকাভুক্তির আবেদন ফরম সংগ্রহ করতে পারে। | |
| ৩ | অ-তালিকাভুক্ত ওয়াক্‌ফ সম্পত্তি তালিকাভুক্তির আবেদন অনলাইনে গ্রহণ | অ-তালিকাভুক্ত ওয়াক্‌ফ সম্পত্তিসমূহ অনলাইনে তালিকাভুক্তির জন্য বিদ্যমান তালিকাভুক্তির আবেদন ফরমকে ডিজিটাল ফরমে রুপান্তর করা হয়। তালিকাভুক্তির অনলাইন আবেদন ফরম আমার সরকার (MyGov) প্ল্যাটফরমে সংযুক্ত করা হয়েছে এবং ওয়াক্‌ফ প্রশাসনের ওয়েব সাইটে (www.waqf.gov.bd) অভ্যন্তরীন ই-সেবা সমূহের মধ্যে গত ০১.১১.২০২১ খ্রি. তারিখে সংযুক্ত করা হয়েছে। ইতোমধ্যে অ-তালিকাভুক্ত ওয়াক্‌ফ সম্পত্তিসমূহ অনলাইনে তালিকাভুক্তির জন্য ০৩টি আবেদন পাওয়া গেছে। | |
| ৪ | ওয়াক্‌ফ এস্টেটসমূহের হিসাব বিবরণী দাখিল ফরম বিনামূল্যে বিতরণ ও ওয়েবসাইটে আপলোডকরণ | ওয়াক্‌ফ এস্টেটসমূহের বার্ষিক হিসাব বিবরণী দাখিলের নিমিত্ত ওয়াক্‌ফ প্রশাসক কর্তৃক নির্ধারিত ফরম ইতোপূর্বে প্রধান কার্যালয়ের হিসাব শাখা হতে অথবা ওয়াক্‌ফ পরিদর্শকের কার্যালয় হতে নির্ধারিত ফি এর মাধ্যমে বিক্রয় করা হতো। ফলে সেবা গ্রহীতাগণের সময়, ব্যয় এবং পরিদর্শন (TCV) বৃদ্ধি পেত। ওয়াক্‌ফ এস্টেটসমূহের মোতাওয়াল্লী/ সভাপতিদের নিয়মিত ভাবে বার্ষিক হিসাব বিবরণী দাখিল সহজিকরণের জন্য হিসাব বিবরণী দাখিল ফরম (রিটার্ন ফরম) বিনামূল্যে বিতরণ করার সিদ্ধান্ত হয় এবং ওয়েবসাইটে (www.waqf.gov.bd) আপলোড করা হয় যাতে প্রত্যন্ত অঞ্চলের স্টেকহোল্ডারগণ নিজ অবস্থানে থেকেই সময়, ব্যয় এবং পরিদর্শন (TCV) ব্যতীত হিসাব বিবরণী দাখিল ফরম সংগ্রহ করতে পারে। | |

| | | | |
|---|---|---|---|
| ৫ | বিভিন্ন আবেদন ফরম অনুধাবন এবং পূরণের জন্য নমুনা আবেদন ফরম ওয়েবসাইটে প্রকাশ | ওয়াক্‌ফ প্রশাসকের কার্যালয়ে সেবা গ্রহীতাদের বিভিন্ন সেবা প্রাপ্তির জন্য নির্ধারিত আবেদন ফরমে আবেদন দাখিল করতে হয়। এসকল আবেদন ফরম নির্ভুলভাবে পূরণে সহায়তার জন্য পূরণকৃত নমুনা ফরম ওয়াক্‌ফ প্রশাসনের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। | |
| ৬ | নতুন ওয়াক্‌ফ এস্টেট সৃজন এবং তালিকাভুক্তিকরণ প্রক্রিয়া ওয়েবসাইটে সংযুক্তকরণ | নতুন ওয়াক্‌ফ এস্টেট সৃজনে স্টেকহোল্ডারদের উৎসাহিত করার জন্য নতুন ওয়াক্‌ফ এস্টেট সৃজন প্রক্রিয়া এবং তালিকাভুক্তিকরণ প্রক্রিয়া (প্রসেস ম্যাপসহ) ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। | |

শাহ মোঃ নুরুল আমিন
ওয়াক্‌ফ প্রশাসক, বাংলাদেশ
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।